

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৬

পরিচ্ছেদঃ প্রতিটি লোমকূপের নীচে অপবিত্রতা বিদ্যমান।

باب مَا جَاءَ أَنَّ تَحْتَ كُلِّ شَعْرَةٍ جَنَابَةً

আরবী

حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ، حَدَّثَنَا الْحَارِثُ بْنُ وَجِيهٍ، قَالَ حَدَّثَنَا مَالِكُ بْنُ دِينَارٍ، عَنْ مُحَمَّدِ بْنِ سِيرِينَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " تَحْتَ كُلِّ شَعْرَةٍ جَنَابَةٌ فَاغْسِلُوا الشَّعَرَ وَأَنْقُوا الْبَشَرَ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِيٍّ وَأَنسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ الْحَارِثِ بْنِ وَجِيهٍ حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِهِ وَهُوَ شَيْخٌ لَيْسَ بِذَاكَ وَقَدْ رَوَى عَنْهُ غَيْرُ وَاحِدٍ مِنَ الْأَئِمَّةِ . وَقَدْ تَفَرَّدَ بِهَذَا الْحَدِيثِ عَنْ مَالِكِ بْنِ دِينَارٍ وَيُقَالُ الْنُ وَجْبَة . وَقَدْ تَفَرَّدَ بِهَذَا الْحَدِيثِ عَنْ مَالِكِ بْنِ دِينَارٍ وَيُقَالُ الْنُ وَجْبَة .

বাংলা

১০৬. নাসর ইবনু আলী (রহঃ) আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ প্রতিটি লোমের নীচে অপবিত্রতা বিদ্যমান। সুতরাং তোমরা চুল ধুয়ে নাও এবং শরীরের চামড়া ভাল করে সাফ করে নাও। - ইবনু মাজাহ ৫৯৭, তিরমিজী হাদিস নম্বরঃ ১০৬ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আলী ও আনাস রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদিস বর্ণিত আছে ইমাম আবূ ঈসা তিরমিয়ী বলেনঃ হারিছ ইবনুল ওয়াজীহ বর্ণিত এই হাদিসটি গরীব। তৎকর্তৃক রিওয়ায়াত ভিন্ন অন্য কোন সূত্রে এটি বর্ণিত আছে বলে আমদের জানা নাই। তিনি এমন এক বৃদ্ধ ব্যক্তি ছিলেন যার উপর নির্ভর করা যায় না। একাধিক হাদিসবিশেষজ্ঞ তাঁর বরাতে হাদিস বর্ণনা করেছেন। তিনি এই হাদিসটি মালিক ইবনু দ্বীনার থেকে রিওয়ায়াত করার ব্যাপারে একা। তাঁর সমর্থনে অন্য কারো রিওয়ায়াত নাই। তিনি হারিছ ইবনু ওয়াজীহ এবং ইবন ওয়জবা নামেও পরিচিত।

English

Abu Hurairah narrated that:



the Prophet said: "Under every hair is sexual impurity so wash (all of) the hair and cleanse the skin."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন